

📖 সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২১২৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ২২৬৭]

২৯/ ইজারা (الإجارة)

পরিচ্ছেদঃ ১৪০৬. পতনোন্মুখ কোন দেয়াল খাড়া করে দেওয়ার জন্য মজদুর নিয়োগ করা বৈধ।

باب إِذَا اسْتَأْجَرَ أَجِيرًا عَلَى أَنْ يُقِيمَ حَائِطًا يُرِيدُ أَنْ يَنْقُضَ جَازَ

আরবী

حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ مُوسَى، أَخْبَرَنَا هِشَامُ بْنُ يُسُفَ، أَنَّ ابْنَ جُرَيْجٍ، أَخْبَرَهُمْ قَالَ أَخْبَرَنِي
يَعْلَى بْنُ مُسْلِمٍ، وَعَمْرُو بْنُ دِينَارٍ، عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ، يَزِيدُ أَحَدُهُمَا عَلَى صَاحِبِهِ،
وَعَيْرُهُمَا قَالَ قَدْ سَمِعْتُهُ يُحَدِّثُهُ عَنْ سَعِيدٍ قَالَ قَالَ لِي ابْنُ عَبَّاسٍ - رَضِيَ اللَّهُ عَنْهُمَا -
حَدَّثَنِي أَبِي بْنُ كَعْبٍ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ " فَانْطَلَقَا فَوَجَدَا جِدَارًا
يُرِيدُ أَنْ يَنْقُضَ ". قَالَ سَعِيدٌ بِيَدِهِ هَكَذَا، وَرَفَعَ يَدَيْهِ فَاسْتَقَامَ، قَالَ يَعْلَى حَسِبْتُ أَنْ
سَعِيدًا قَالَ. فَمَسَحَهُ بِيَدِهِ فَاسْتَقَامَ (قَالَ) " لَوْ شِئْتَ لَاتَّخَذْتَ عَلَيْهِ أَجْرًا ". قَالَ سَعِيدٌ
أَجْرًا نَأْكُلُهُ.

বাংলা

باب مَنْ اسْتَأْجَرَ أَجِيرًا فَبَيَّنَ لَهُ الْأَجَلَ وَلَمْ يُبَيِّنِ الْعَمَلَ

لِقَوْلِهِ: (إِنِّي أُرِيدُ أَنْ أَنْكِحَكَ إِحْدَى ابْنَتَيَّ هَاتَيْنِ) إِلَى قَوْلِهِ: (عَلَى مَا نَقُولُ وَكِيلٌ) يَأْجُرُ فُلَانًا يُعْطِيهِ أَجْرًا، وَمِنْهُ فِي
التَّغْزِيَةِ أَجْرَكَ اللَّهُ

১৪০৫। পরিচ্ছেদঃ যদি কোন ব্যক্তি মজদুর নিয়োগ করে সময়সীমা উল্লেখ করল, কিন্তু কাজের উল্লেখ করল না
(তবে তা জারিয়)। কেননা, আল্লাহ তা'আলা ইরশাদ করেন শুরাইব (আঃ) মূসা (আ)-কে বলেন, আমি আমার এ
দু'টি মেয়ের মধ্যে একটিকে তোমার কাছে বিয়ে দিতে চাই.... আমরা যে বিষয়ে কথা বলছি আল্লাহ তার সাক্ষী।
(সূরা কাসাসঃ ২৭)

(ইমাম বুখারী (রহঃ) বলেন,) يَأْجُرُ فُلَانًا কথাটির অর্থ সে অমুক কে মজুরী প্রদান করেছে। অনুরূপভাবে সমবেদনা
প্রকাশার্থে বলা হয়ে থাকে اللَّهُ أَجْرَكَ আল্লাহ তোমাকে প্রতিদান দিন।

২১২৩। ইবরাহীম ইবনু মূসা (রহঃ) ... উবাই ইবনু কা'ব (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু

আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, তাঁরা উভয়ে [খিযির ও মূসা (আলাইহিস সালাম)] চলতে লাগলেন সেখানে তাঁরা এক পতনোন্মুখ প্রাচীর দেখতে পেলেন। সাঈদ (রহঃ) তার হাত দিয়ে ইশারা করে দেখালেন এভাবে এবং (খিযির) উভয়ে হাত তুললেন এতে দেয়াল ঠিক হয়ে গেল। হাদিসের অপর বর্ণনাকারী ইয়ালা (রহঃ) বলেন, আমার ধারণা যে সাঈদ (রহঃ) বলেছেন, তিনি (খিযির) দেয়ালটির উপর হাত বুলিয়ে দিলেন, ফলে তা সোজা হয়ে গেল। মূসা (আলাইহিস সালাম) (খিজিরকে) বলেন, আপনি ইচ্ছা করলে এ কাজের জন্য পারিশ্রমিক নিতে পারতেন। সাঈদ (রহঃ) বর্ণনা করেন যে, এমন পারিশ্রমিক নিতে পারতেন যা দিয়ে আপনার আহার চলত।

English

Narrated Ubai bin Ka`b:

Allah's Messenger (ﷺ) said, "Both of them (Moses and Al-Khadir) proceeded on till they reached a wall which was about to fall." Sa`d said [?? or Sa`id], "(Al-Khadir pointed) with his hands (towards the wall) and then raised his hands and the wall became straightened up." Ya`la said, "I think Sa`id [?? or Sa`d] said, 'He (Khadir) passed his hand over it and it was straightened up.' (Moses said to him), 'if you had wanted, you could have taken wages for it.' Sa`id [?? or Sa`d] said, 'Wages with which to buy food .'"

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ উবাই ইবনু কা'ব (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=2202>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন